

আল মু'মিন) | Ghafir (Al-Mu☐min) | اغَافِر (ٱلْمُؤْمِن)

আয়াতঃ ৪০ : ৬৮

💵 আরবি মূল আয়াত:

هُوَ الَّذِى يُحِي وَ يُمِيتُ فَإِذَا قَضِي آمرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُن فَيَكُونُ هُوَ الَّذِي يُحِي وَ يُمِيتُ فَإِذَا قَضِي آمرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُن فَيَكُونُ هُوَ اللهِ عَلَيْ عَلَيْكُونَ لَا اللهِ عَلَيْ اللّهُ عَلَيْكُونَ لَهُ عَلَيْكُونَ لَهُ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ اللّهِ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ عَلَيْكُونَ اللّهُ عَلَيْكُونَ عَلَيْكُونَا عَلَيْكُونَا عَلَيْكُونَ عَلَيْكُونَا عَلَيْكُونَا عَلَيْكُونَ عَلَيْكُونَ عَلَيْكُونَا عَلَيْكُونَا عَلَيْكُونَ

তিনিই জীবন দান করেন এবং মৃত্যু দেন। আর তিনি যখন কোন কিছু করার সিদ্ধান্ত নেন, তখন তিনি এজন্য বলেন 'হও', ফলে তা হয়ে যায়। — আল-বায়ান

তিনিই জীবন দেন ও মৃত্যু ঘটান। যখন কোন কিছু করার সিদ্ধান্ত করেন, তার জন্য তিনি বলেন- হও, তখন তা হয়ে যায়। — তাইসিক্ল

তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান এবং যখন তিনি কিছু করা স্থির করেন তখন তিনি বলেনঃ হও, এবং তা হয়ে যায়। — মুজিবুর রহমান

He it is who gives life and causes death; and when He decrees a matter, He but says to it, "Be," and it is. — Sahih International

৬৮. তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান এবং যখন তিনি কিছু করা স্থির করেন তখন তিনি তার জন্য বলেন 'হও', ফলে তা হয়ে যায়।

তাফসীরে জাকারিয়া

- (৬৮) তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান[1] এবং যখন তিনি কিছু করা স্থির করেন, তখন তিনি বলেন, 'হও' এবং তা হয়ে যায়।[2]
 - [1] জীবিত করা ও মারা তাঁরই এখতিয়ারাধীন ব্যাপার। তিনি প্রাণহীন শুক্রবিন্দুকে বিভিন্ন স্তরের উপর দিয়ে অতিক্রম করিয়ে একজন জীবন্ত মানুষের আকৃতি দান করেন। অতঃপর নির্দিষ্ট এক সময়ে জীবন্ত এই মানুষটির প্রাণ কেড়ে নিয়ে মৃত্যুর কোলে ঘুম পাড়িয়ে দেন।
 - [2] তাঁর মহাশক্তির অবস্থা হল এই যে, তাঁর کُنْ (হও) শব্দ দারা সেই জিনিস অস্তিত্বে চলে আসে, যা (হওয়ার) তিনি ইচ্ছা করেন।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4201

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন